# ঈশ্বর তাঁর ইস্রায়েলীয় লোকদের উত্তম নিয়মবিধি দিয়েছিলেন

**প্রার্থনা ঃ** ‘‘হে প্রভু ছোটদেরকে বুঝতে সাহায্য কর যে, তুমি আরও উত্তম বিষয়ের প্রস্তুতির জন্য লোকেদেরকে তোমার প্রাচীন বিধি দিয়েছিলে।’’

এমন অনুশীলন ধারা বেছে নিন যা ছোটদের প্রয়োজন ও বয়সের সাথে মানানসই হয়।


**মোশি দশ আজ্ঞা পেয়েছিলেন।** একটি বড় শিশু বা শিক্ষক ঈশ্বর মোশিকে ইস্রায়েল জাতির জন্য কিভাবে দশ আজ্ঞা দিয়েছিলেন তা পাঠ করুন।


**ঈশ্বর তাঁর নিয়ম বিধি দানের জন্যে কিভাবে লোকদেরকে প্রস্তুত করেছিলেন তা বলুন,** যাত্রাপুস্তক ১৯ঃ৯-১৩

**সিনয় পর্বতের উপর ঈশ্বর কি করেছিলেন তা বলুন,** যাত্রা ১৯ঃ১৬-২৫

**প্রতিটি আজ্ঞা সংক্ষেপে ব্যাখ্যা করুন,** যাত্রা ২০ঃ১-২১।

**ছোটরা ছবিটি নকল করতে পারে।** বড় ছেলেমেয়েরা আজ্ঞাগুলি লিখতে পারে।




১. **এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। পদ সহ উত্তর প্রতিটি প্রশ্নের পর দেওয়া হল।**

- যখন লোকেরা ঈশ্বরের সাথে সাক্ষাৎ করতে গেছিল তখন পর্বতটিকে কেমন দেখাচ্ছিল ? যাত্রা ১৯ঃ১৮
- পর্বতটিকে যদি লোকেরা স্পর্শ করত তবে কি ঘটত ? যাত্রা ১৯ঃ২৪
- পর্বতটিকে ধুমায়িত দেখে লোকদের কি অবস্থা হয়েছিল ? যাত্রা ২০ঃ১৮
- মোশিকে দত্ত ঈশ্বর দশ আজ্ঞাগুলি কি কি ? যতগুলো সম্ভব ততগুলো আজ্ঞা ছোটদের স্মরণ করতে দিন।

২. **গালাতীয় ৫ঃ১৮ ব্যাখ্যা করুন। ‘‘কিন্তু যদি আত্মার দ্বারা চালিত হও, তবে তোমরা ব্যবস্থার অধীন নও।’’**

- যেহেতু যীশু মৃত্যুবরণ করেছিলেন এবং পুনুরুত্থিত হয়েছিলেন, ও পবিত্র আত্মাকে প্রেরণ করেছিলেন। সেহেতু আমরা আর পুরাতন চুক্তির প্রাচীন বিধির অধীনে নেই। রোমীয় ৬ঃ১৪ আমাদের নিশ্চয়তা দেয় যে, ‘‘কেননা ব্যবস্থার অধীন নহ, কিন্তু অনুগ্রহের।’’
- যীশু পুরাতন নিয়মবিধি পরিপূর্ণ করেছিলেন, যা ইস্রায়েল জাতীকে দত্ত হয়েছিল, মথি ৫ঃ১৭



- প্রাচীন নিয়মবিধির পালনের দ্বারা নয়, কিন্তু ঈশ্বরের অনুগ্রহ ও পবিত্র আত্মার পরিবর্তন সাধনকারী কর্মের দ্বারা আমরা পরিত্রাণ পেয়েছি। ইফিষিয় ২ঃ৪-১০



- নতুন চুক্তির অধীনে আমরা ভয়ে নয় কিন্তু প্রেমেতে যীশুর আজ্ঞাসকল পালন করি। তিনি বলেছিলেন, ''তোমরা যদি আমাকে প্রেম কর, তবে আমার আজ্ঞাসকল পালন করিবে'' (যোহন ১৪ঃ১৫)।

যীশু অনেক কিছু আজ্ঞা দিয়েছেন। আমরা তাঁর আজ্ঞাগুলোকে ৭টি আজ্ঞাতে সংক্ষিপ্ত করতে পারি, যা বিশ্বাসীরা প্রেরিত ২ঃ৩৭-৪৭ অংশে মান্য করতঃ

১. অনুতপ্ত হও, পবিত্র আত্মাতে পূর্ণ হও এবং বিশ্বাস কর।

২. বাপ্তিস্ম গ্রহণ কর।

৩. প্রেম ও ক্ষমা প্রদান কর।

৪. প্রভুর ভোজ পালন কর।

৫. প্রার্থনা কর।

৬. দান কর।

৭. শিষ্য তৈরী কর।

**৩. মোশি ও দশ আজ্ঞার গল্পটি নাটক আকারে প্রস্তুত করুন।**

আরাধনা চলাকালীন এটি মঞ্চস্থ করার ব্যবস্থা করুন। এই পাঁচটি ভূমিকা প্রস্তুত করার জন্যে শিশুদের সঙ্গে আপনার সময়কে ব্যবহার করুন। (১) বিবৃতিকার ঃ নাটকটিকে সংক্ষিপ্ত করবে এবং ছোটদেরকে কখন কি করতে ও বলতে হবে তা স্মরণ করিয়ে দেবে। (২) ঈশ্বরের রব (৩) মোশি (৪) পৌল (৫) ইস্রায়েলীয় (ছেলেমেয়েরা)

**বিবৃতিকার ঃ** ''নতুন ইস্রায়েল জাতির হাজার হাজার লোকেরা ব্যবস্থাহীন অবস্থায় প্রান্তরে ভ্রমণ করছিল। পবিত্র ব্যবস্থা গ্রহণের জন্য ঈশ্বর তাদের প্রস্তুত করেছিলেন শুনুন, ঈশ্বর তাদের নেতা মোশিকে কি বলেছিলেন।''

**ঈশ্বরের রব ঃ** যাত্রা ১৯ঃ১-৯ উচ্চস্বরে পাঠ করুন।

**বিবৃতিকার ঃ** ''ইস্রায়েলের লোকেরা কি বলেছিল তা শ্রবণ করুন''

**ইস্রায়েলীয়রা ঃ** চীৎকার করে বলবে, ''দেখ! দেখ! পর্বতের উপর ধোঁয়া!'' -''কেমন বিদ্যুৎ চমকাচ্ছে দেখ'' -''বজ্র আমাকে ভীত করে দিচ্ছে''-''আমরা ঈশ্বরের কাছে যেতে পারবনা, গেলেই মারা পড়ব!''

**বিবৃতিকার ঃ** যাত্রা ১৯ঃ১৬-২০ পড়ুন। তারপর বলুন, ''ঈশ্বর মোশিকে কি বলেছিলেন তা শ্রবণ করুন।''

**ঈশ্বরের রব ঃ** যাত্রা পুস্তক ১৯ঃ২১ অংশে ঈশ্বর যা বলেছেন জোরে পাঠ করুন।

**বিবৃতিকার ঃ** ব্যাখ্যা করুন যে, ঈশ্বর মোশিকে, লোকদের জন্য আজ্ঞা গ্রহণ করার নিমিত্ত পর্বতের উপর উঠে আসতে বলেছিলেন। তারপর বলুন, ''পর্বতের উপর ঈশ্বর মোশিকে কি বলেছিলেন, তা শ্রবণ করুন''।

**মোশি ঃ** একটি চেয়ারের উপর উঠবে ও বলবে, ''আমরা এই আজ্ঞাগুলি মান্য করে চলব, যাতে তুমি আমাদের আর্শীবাদ কর।''

**বিবৃতিকার ঃ** ''গালাতীয় ৫ঃ১৮ বলে যে, 'তুমি যদি আত্মার দ্বারা পরিচালিত হও, তবে তুমি আর ব্যবস্থার অধীন নও।' নতুন ব্যবস্থা দেবার বহুবছর পর পৌল কি বলেছিলেন তা শ্রবণ করুন।''

**পৌল ঃ** ''আমাদের পরিত্রানার্থে যীশু মরেছিলেন। আমরা আর ব্যবস্থার অধীনে নই। আমরা যীশুকে প্রেমেতে মেনে চলি।''

**ইস্রায়েলীয়রা ঃ** চীৎকার করে বলবে। ''এখন আমরা ঈশ্বরের ব্যবস্থা লঙ্ঘন করতে পারি।'' -''আমরা যা ইচ্ছা তাই-ই করতে পারি।'' ''এস অমরা পাপ করি। যাতে ঈশ্বর আমাদের প্রতি আরও অধিক পরিমানে ক্ষমা ও প্রেম প্রদর্শন করতে পারেন।''

**পৌল ঃ** ''না! না! না! ঈশ্বর পবিত্র, আমরা প্রেমেতে যীশুর বাধ্য হই। ঈশ্বরকেও একে অপরকে তিনি আমাদের প্রেম করতে বলেছেন। তাঁর পবিত্র আত্মা আমাদের হৃদয়ে প্রেমের সৃষ্টি করে। যদি প্রেম করি তবে আমরা, হত্যা, চুরি অথবা প্রতিমা-পূজার মত কাজগুলি করব না। ঈশ্বরের সন্তোষজনক কাজই আমরা করব।''

**ইস্রায়েলীয়রা ঃ** চীৎকার করে বলবে, ''ঈশ্বর কি ধোঁয়া ও বিদ্যুৎ যোগে পর্বতের উপরে প্রকাশিত হবেন?'' - ''তিনি বহু দূরবর্তী এবং অত্যন্ত পবিত্র'' - ''তাঁর নিকটে আমরা আসতে পারবো না'' - ''তাঁর সাথে কথা বলতে আমার ভয় লাগছে।''


**পৌল ঃ** ''না! না! না! নতুন ব্যবস্থায় ঈশ্বর কখনোই আমাদের থেকে দূরবর্তী নন। তিনি আমাদের মধ্যেই বাস করেন। আমরা তাঁর সাথে, একজন বাবার সাথে যেমন বলে, তেমন ভাবে কথা বলতে পারি। এখন আর তাঁর সাথে কথা বলতে আমরা ভীত নই।''

**বিবৃতিকার ঃ** নাটক সমাপনান্তে ছোটদের ধন্যবাদ দেবেন। বয়স্ক ব্যক্তিদের জন্য শিশুদের যদি কোনও প্রশ্ন থাকে তবে তার উত্তরের জন্য তাদের তা জিজ্ঞাসা করতে বলুন। (ভাগ ২ থেকে বড়দের কে জিজ্ঞাসা করার জন্য তাদেরকে প্রশ্ন তৈরী করতে বলুন)

**আলোচনা ঃ** ছোটদের জিজ্ঞাসা করুন, ''যীশুকে এখন আমরা যেভাবে মেনে চলি তার সাথে পুরাতন ব্যবস্থার পার্থক্য কি?'' (তাদেরকে উদাহরণ দিতে দিন)

একটি ধুমায়িত পর্বতের ছবি আঁকুন এবং ছোটদেরকে তা নকল করতে বলুন। আরাধনা চলাকালীন ছোটদেরকে তা বড়দের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে, এটা ঈশ্বরের পবিত্রতাকে তুলে ধরে।

**মুখস্থ পদ ঃ** মথি ৭ঃ১২



**কবিতা ঃ** তিনজন বাচ্চাদের প্রত্যেককে গীত ঃ ১৯ঃ৭ এবং ১০-১১ থেকে একটি করে পদ আবৃত্তি করতে দিন।

**প্রার্থনা ঃ** ''পিতা, তুমি পবিত্র। তুমি আমাদের পাপকে ঘৃণা কর। তোমাকে ধন্যবাদ দিই যে, যাতে আমরা অনুতপ্ত হই এবং যীশুতে ক্ষমাপ্রাপ্ত হই, সেজন্য তুমি আমাদেরকে আমাদের কৃত পাপসমূহকে দেখিয়ে দিয়েছো। তোমার ব্যবস্থা আমাদের বাধ্য করে এমন নয়, কিন্তু আমরা তোমাকে প্রেম করি সেজন্য আমরা তোমাকে মেনে চলি।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net